**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 05-03-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা এ.জি.এম.সি. ও জি.বি.পি. হাসপাতালে তিনটি গুরুত্বপূর্ণ স্বাস্থ্য পরিষেবার সূচনা করেন।**
**(২) মুখ্যমন্ত্রী জনজাতি উন্নয়ন অভিযানের অঙ্গ হিসেবে তেলিয়ামুড়া মহকুমার চাকমাঘাটে পাঁচ হাজার জনজাতি মহিলাদের মধ্যে বিনামূল্যে সুতো প্রদান করা হয়।**
**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভারত ও ফিনল্যান্ডের মধ্যে দ্বি-পাক্ষিক সম্পর্ক আরো জোরদার করার উপর গুরুত্ব আরোপ করেছেন।**
**(৪) যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রকের আওতাধীন যুব বিষয়ক বিভাগের উদ্যোগে আগামীকাল থেকে বেঙ্গালুরুতে দুই দিনের মাই ভারত-এনএসএস চিন্তন শিবির শুরু হবে।**

*******************************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ এ.জি.এম.সি. ও জি.বি.পি. হাসপাতালে তিনটি গুরুত্বপূর্ণ স্বাস্থ্য পরিষেবার সূচনা করেন। এগুলি হল ১৬ শয্যা বিশিষ্ট রেসপিরেটরি অ্যান্ড জেরিয়াট্রিক ইনটেনসিভ কেয়ার ইউনিট, ট্রমা সেন্টার অপারেশন থিয়েটার এবং নবনির্মিত লেবার রুম বি.এস, অ্যান্ড গাইনো ও.টি কমপ্লেক্স। উদ্বোধনের পর এ.জি.এম.সি. কাউন্সিল ভবনে আয়োজিত সাংবাদিক সম্মেলনে মুখ্যমন্ত্রী বলেন, এই পরিষেবাগুলি চালু হওয়ার ফলে রোগীদের উন্নত ও সময়োপযোগী চিকিৎসা পরিষেবা প্রদান করা আরও সহজ হবে।

তিনি বলেন, আধুনিক মনিটরিং ব্যবস্থা এবং অত্যাধুনিক লাইফ সাপোর্ট সিস্টেম সম্বলিত রেসপিরেটরি ও জেরিয়াট্রিক আই.সি.ইউ. চালু হওয়ার ফলে শ্বাসকষ্টজনিত জটিলতা এবং বার্ধক্যজনিত গুরুতর অসুস্থতায় আক্রান্ত রোগীদের উন্নত চিকিৎসা প্রদান করা সম্ভব হবে। এই প্রসঙ্গে মুখ্যমন্ত্রী জানান, ভবিষ্যতে ৩২০টিরও বেশি আই.সি.ইউ-এর শয্যা সংখ্যা বাড়ানো হবে। মুখ্যমন্ত্রী বলেন, ট্রমা সেন্টারের অপারেশন থিয়েটার চালু করা স্বাস্থ্য দপ্তরের একটি প্রয়োজনীয় পদক্ষেপ। এর মাধ্যমে এখন থেকে ২৪ ঘন্টা জরুরি অস্ত্রোপচার করা সম্ভব হবে। এখানে রোগীদের নিউরো সার্জন, জেনারেল সার্জন এবং অর্থোপেডিক সার্জন সহ বিভিন্ন ট্রমা বিশেষজ্ঞদের পরিষেবা পাওয়ার সুযোগ থাকবে। এর ফলে সড়ক দুর্ঘটনা বা অন্যান্য জরুরি পরিস্থিতিতে দ্রুত ও কার্যকর চিকিৎসা পরিষেবা নিশ্চিত করা সম্ভব হবে। নবনির্মিত লেবার রুম-এবিএস অ্যান্ড গাইনো ও.টি. কমপ্লেক্স সম্পর্কে মুখ্যমন্ত্রী বলেন, মা এবং নবজাতকের সুরক্ষা নিশ্চিত করার লক্ষ্যেই এই আধুনিক পরিকাঠামো গড়ে তোলা হয়েছে। এর মাধ্যমে প্রসূতি মা ও নবজাতকের জন্য উন্নত নিরাপদ চিকিৎসা পরিষেবা প্রদান করা সম্ভব হবে। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন জি.বি-র রোগী কল্যাণ সমিতির চেয়ারপার্সন বিধায়ক মিনা রাণী সরকার, স্বাস্থ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে, এ.জি.এম.সি-র অধ্যক্ষ ডা: তপন মজুমদার, জি.বি হাসপাতালের এম.এস, ডা: বিধান গোস্বামী প্রমুখ।

********************************

**PM Rahat :**

রাজ্যে পি.এম রাহাত প্রকল্প সঠিকভাবে বাস্তবায়নের জন্য আজ সচিবালয়ে পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরীর পৌরহিত্যে এক বৈঠক অনুষ্ঠিত হয়। এই প্রকল্পের মধ্যে রাজ্যের সমস্ত হাসপাতালগুলিতে আহত ব্যক্তিদের দ্রুত চিকিৎসার ক্ষেত্রে আর্থিক সহায়তা কিভাবে প্রদান করা হবে সে বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বৈঠকে স্বাস্থ্য, পরিবহন ও আরক্ষা দপ্তরের উচ্চ পদস্থ অধিকারিকগণ উপস্থিত ছিলেন।

******************************

**CM-Tribal Welfare Abhiyan :**

মুখ্যমন্ত্রী জনজাতি উন্নয়ন অভিযানের অঙ্গ হিসেবে আজ তেলিয়ামুড়া মহকুমার চাকমাঘাটে পাঁচ হাজার জনজাতি মহিলাদের বিনামূল্যে সুতো প্রদান করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সাংসদ রাজীব ভট্টাচার্য, জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা, মুখ্য সচেতক কল্যাণী রায়, বিধায়ক পিনাকী দাস চৌধুরী, জিলা পরিষদের সভানেত্রী অপর্ণা সিংহ রায় প্রমুখ।

****************************

**INDIAN BANKING :**

জাতিসংঘ ভারতের ব্যাংকিং কর্মসূচির প্রশংসা করেছে। এই কর্মসূচি ২৯ কোটিরও বেশি নারীর কাছে ব্যাংকিং পরিষেবা পৌঁছে দিয়েছে, যা নারী ও মেয়েদের রূপান্তরমূলক পথের জন্য একটি বৈশ্বিক মডেল। জাতিসংঘের নারীর নীতি পরিচালক স্যান্ড্রা হেন্ড্রিক্স বলেছেন নারী ও মেয়েদের ডিজিটাল ব্যাংক অ্যাকাউন্ট খোলার প্রয়োজনীয়তা সহজীকরণ আর্থিক অন্তর্ভুক্তির জন্য ভারত একটি মডেল হিসাবে আবির্ভূত হয়েছে। প্রধানমন্ত্রী জন ধন যোজনা, এখন দ্বাদশ বছরে পা দিচ্ছে, যা মহিলাদের কাছে ব্যাংকিং পরিষেবা পৌঁছে দিয়েছে, এখন এই কর্মসূচির অধীনে খোলা অ্যাকাউন্টের ৫৬ শতাংশই মহিলা।

****************************

**MY Bharat Budget Quest 2026 :**

যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রক জানিয়েছে, MY Bharat Budget Quest 2026 সারা দেশের তরুণদের কাছ থেকে উৎসাহব্যঞ্জক সাড়া পেয়েছে। এই উদ্যোগের দ্বিতীয় পর্যায়ে প্রায় ৪৭ হাজার প্রবন্ধ জমা পড়েছে। এই প্রতিযোগিতার লক্ষ্য হল তরুণ নাগরিকদের কেন্দ্রীয় বাজেটের সঙ্গে যুক্ত হতে এবং ২০৪৭ সালের মধ্যে Viksit Bharat এর দৃষ্টিভঙ্গির জন্য ধারণা প্রদান করতে উৎসাহিত করা।

মন্ত্রণালয় জানিয়েছে যে বিজয়ীরা এই মাসের ১৫ তারিখ থেকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর কাছে তাদের বাজেটের ধারণা উপস্থাপন করার সুযোগ পাবেন। প্রথম পর্যায়ে, একটি দেশব্যাপী অনলাইন কুইজে সমস্ত রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলের ১২ লক্ষেরও বেশি যুবক অংশগ্রহণ করেছিলেন, যার মধ্যে উত্তরপ্রদেশ, তামিলনাড়ু এবং পশ্চিমবঙ্গ থেকে সর্বাধিক অংশগ্রহণকারী ছিল।

*****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**PM :**

ভারত ও ফিনল্যান্ড নতুন দিল্লিতে পরিবেশগত সহযোগিতা, অভিবাসন ও গতিশীলতা অংশীদারিত্ব এবং পরিসংখ্যান সহ বিভিন্ন ক্ষেত্রে বেশ কয়েকটি চুক্তি স্বাক্ষর করেছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ফিনল্যান্ডের রাষ্ট্রপতি আলেকজান্ডার স্টাবের সাথে বিভিন্ন ক্ষেত্রে, দ্বিপাক্ষিক সহযোগিতা জোরদার করার বিষয়ে আলোচনা করেছেন। তারা বহুপাক্ষিক মঞ্চে সহযোগিতা সহ

পারস্পরিক স্বার্থের আঞ্চলিক ও বৈশ্বিক বিষয়গুলিতেও দৃষ্টিভঙ্গি বিনিময় করেছেন। এরপর ফিনল্যান্ডের রাষ্ট্রপতির সঙ্গে যৌথ সাংবাদিক সম্মেলনে প্রধানমন্ত্রী শ্রী মোদী ভারত ও ফিনল্যান্ডের দ্বি-পাক্ষিক সম্পর্ক নিয়ে বক্তব্য রাখেন।

######Byte-PM######

***************************

**Viksit Bharat Young Leaders Dialogue 2027 :**

যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রকের আওতাধীন যুব বিষয়ক বিভাগ আগামীকাল থেকে বেঙ্গালুরুতে দুই দিনের মাই ভারত-এনএসএস চিন্তন শিবিরের আয়োজন করবে। যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী ডঃ মনসুখ মান্ডভিয়া এবং যুব বিষয়ক ও ক্রীড়া প্রতিমন্ত্রী রক্ষা নিখিল খাড়সে চিন্তন শিবিরে যোগ দেবেন। মন্ত্রক জানিয়েছে এই কর্মসূচির লক্ষ্য মেরা যুব ভারত এবং জাতীয় পরিষেবা প্রকল্পের মাধ্যমে দেশ জুড়ে যুব কর্মসূচির বাস্তবায়ন উন্নত করা। এই কর্মসূচিতে FIT India এবং Viksit Bharat Young Leaders Dialogue 2027 এর রোডম্যাপ নিয়েও আলোচনা থাকবে।

****************************

**Vice President Visit :**

উপরাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণণ দুদিনের রাজ্য সফরের উদ্দেশ্যে আগামী ৭ই মার্চ রাজ্যে আসছেন। ঐদিন লোকভবনে রাত্রিযাপনের পর উপরাষ্ট্রপতি ৮ই মার্চ রবিবার সকালে আগরতলায় অ্যালবার্ট এক্কা ওয়্যার মেমোরিয়ালে, বীর সোনানীদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করবেন। এরপর উদয়পুরে মাতা ত্রিপুরাসুন্দরী মন্দিরে পুজো দেবার পর আগরতলায় ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের চতুর্দশ সমাবর্তন উৎসবে যোগ দেবেন। ঐদিন দুপুরে উপরাষ্ট্রপতি আগরতলার হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে স্ব-সহায়ক দলের স্টল পরিদর্শন করবেন ও লাখপতি দিদিদের সঙ্গে মতবিনিময়

করবেন। ঐদিন দুপুরেই তিনি নতুন দিল্লির উদ্দেশ্যে রওনা হবেন। পশ্চিম ত্রিপুরা জেলা শাসক ডঃ বিশাল কুমার আজ এখবর জানিয়েছেন।

**************************

**TCW Press Meet :**

রাজ্য মহিলা কমিশন আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে। আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে মহিলা কমিশনের চেয়ারপার্সন ঝর্ণা দেববর্মা জানান, আন্তর্জাতিক নারী দিবস উদযাপনের অঙ্গ হিসাবে আগামী ৭ই মার্চ পশ্চিম ত্রিপুরা জেলাশাসকের কার্যালয়ে প্রি ম্যারিটেল কমিউনিকেশন সেন্টারের উদ্বোধন করা হবে। ৮ই মার্চ থেকে ১৩ই মার্চ পর্যন্ত রাজ্যের বিভিন্ন জেলায় জনশুনবাই কর্মসূচি অনুষ্ঠিত হবে। ১৭ই মার্চ সুকান্ত একাডেমিতে ও.এন.জি.সি-র সহযোগিতায় মহিলা সুবিধাভোগীদের মধ্যে ১২০টি সেলাই মেশিন বিতরণ করা হবে। ২০শে মার্চ নজরুল কলাক্ষেত্রে সচেতনতা থেকে পদক্ষেপ : নারী অধিকার শক্তিশালীকরণ এই ভাবনার উপর একটি অনুষ্ঠানে পশ্চিম ত্রিপুরা জেলার পাঁচজন লাখপতি দিদিকে পুরস্কৃত করা হবে।

***************************

**Minister Tinku Roy :**

যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায় বলেছেন, বর্তমানে ঊনকোটি জেলার কৈলাশহরে এবং গোমতী জেলার উদয়পুরে দুটি যুব আবাস নির্মানের কাজ চলছে। আগামী নভেম্বর মাসের মধ্যে এই কাজ শেষ হবে বলে তিনি আশা ব্যক্ত করেন। ক্রীড়ামন্ত্রী শ্রী রায় আজ কৈলাশহরের দুর্গাপুরে নির্মীয়মাণ "যুব আবাস" নির্মাণ কাজ পরিদর্শন করেন।

***************************

**Library Inauguration-Belonia :**

বিধায়ক দীপংকর সেনের বিধায়ক এলাকা উন্নয়ন তহবিলের অর্থানুকুল্যে প্রজাপিতা ব্রহ্ম কুমারী ঈশ্বরীয় বিশ্ববিদ্যালয়ের বিলোনীয়া কেন্দ্রে গ্রন্থাগার নির্মান করা হয়। বিধায়ক শ্রী সেন আজ এই গ্রন্থাগারের উদ্বোধন করেন।

***************************

**LOP Meeting :**

বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী আজ সাব্রুমের রুপাইছড়ি কমিউনিটি হলে সি.পি.আই.এম আয়োজিত এক সভায় বক্তব্য রাখেন। তিনি তাঁর ভাষণে রাজ্য সরকার ও এডিসি প্রশাসনের কাজকর্মের সমালোচনা করেন। সি.পি.আই.এম দক্ষিণ জেলা সম্পাদক তাপস দত্তও সভায় বক্তব্য রাখেন।

*************************

**National Cricket :**

মেয়েদের অনূর্দ্ধ্ব ২৩ বছরের সীমিত ওভারের ক্রিকেটের জাতীয় আসরে এলিট গ্রুপের দ্বিতীয় ম্যাচে হেরে গেলো ত্রিপুরা। পুদুচেরির সিএপি মাঠে হরিয়ানা ২৪৭ রানের বড় ব্যবধানে রাজ্যদলকে পরাজিত করে।

*************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৮ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

***************************